ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৯৩৯
বিলোনীয়া, ২৫ জুলাই, ২০২৫

**ঋষ্যমুখ ব্লক এলাকায় ৭,৭১৭ জন সামাজিক ভাতা পাচ্ছেন**

ঋষ্যমুখ ব্লক এলাকায় বর্তমানে ৭ হাজার ৭১৭ জন সুবিধাভোগী রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা ভাতায় উপকৃত হচ্ছেন। তারমধ্যে ২ হাজার ৬৭৪ জন উপকৃত হচ্ছেন কেন্দ্রীয় সরকারের সামাজিক সুরক্ষা ভাতায় এবং ৫ হাজার ৪৩ জন উপকৃত হচ্ছেন রাজ্য সরকারের সামাজিক সুরক্ষা ভাতায়। এছাড়া সাব্রুম নগর পঞ্চায়েত এলাকায় কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা ভাতায় উপকৃত হচ্ছেন মোট ৫৭২ জন সুবিধাভোগী। এরমধ্যে কেন্দ্রীয় সামাজিক ভাতায় উপকৃত হচ্ছেন ২১৮ জন এবং রাজ্য সরকারের সামাজিক সুরক্ষা ভাতায় উপকৃত হচ্ছেন ৩৫৪ জন। বিলোনীয়াস্থিত সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****